



## ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার রেজুলেশন

সভাপতিঃ মোঃ আব্দুর রউফ, চেয়ারম্যান খানকোড়া ইউপি, সাটুরিয়া, মানিকগঞ্জ।

সভার তারিখ ও সময়ঃ ২৯/১০/২০২৩ খ্রিঃ, সময়ঃ ২.০০ টা

স্থানঃ ইউনিয়ন পরিষদ ভবন, খানকোড়া, সাটুরিয়া, মানিকগঞ্জ।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে সকল ক্ষেত্রে সন্ত্রাস ও নাশকতা একটি অপ্রত্যাশিত, অসামাজিক ও অবৈধ বিষয়, কাজেই এ বিষয়টি পরিহার ও প্রতিরোধের জন্য এই কমিটির কার্যক্রমের বিষয়ে সকলকে অবহিত করা হয়। এ বিষয়টি পরিহার ও প্রতিরোধের জন্য সার্বিক সহায়তা প্রদানের অনুরোধ জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র কমিটির সভাপতি ও চেয়ারম্যান খানকোড়া ইউপি জনাব মোঃ আব্দুর রউফ।

সভায় সভাপতি সাহেব বর্তমান দেশের প্রেক্ষাপট ও সার্বিক পরিস্থিতি বিবেচনার্থে সকলের উদ্দেশ্যে সততা, ন্যায়-নিষ্ঠা, নৈতিকতা, মানবতা বজায় রেখে ধর্মীয়, সমাজ ও সামাজিক শান্তি ও সম্পৃতি বজায় রেখে কাজকর্ম পরিচালনার ব্যাপারে প্রাধান্য দিয়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ সম্পর্কে আলোকপাত করেন। অতপর সভাপতি ইউনিয়ন চেয়ারম্যান সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য সকল সদস্যগণকে আহ্বান জানান। বিষয় নিয়ে সভায় বিষদ আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সব সম্মতিক্রমে গৃহীত হয়।


ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ
১	সার্বিক প্রেক্ষাপট বিবেচনার্থে জুমা নামাজের ক্ষুতবায় সন্ত্রাস ও নাশকতার কুফল সম্পর্কে বক্তব্য প্রদানের বিষয়ে ইমামদের পরামর্শ প্রদান করার জন্য মসজিদের ইমাম গণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি/সাঃ সম্পাদক/ ইউপি সদস্য, খানকোড়া ইউনিয়ন
২	বর্তমান প্রেক্ষাপটে কোন নিরীহ ব্যক্তি যাতে হয়রানীর শিকার না হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য গ্রাম পুলিশদের অনুরোধ করা হয়।	গ্রাম পুলিশ সকল, খানকোড়া ইউপি
৩	বর্তমান প্রেক্ষাপটে কোন অপশক্তি যাহাতে রাস্তাঘাট, কলকারখানা, গুরুত্বপূর্ণ স্থাপনা, প্রতিষ্ঠানে বা কোন যান বাহনে সন্ত্রাসী/ নাশকতা মূলক কর্মকান্ড পরিচালিত করতে না পারে সে দিকে সদা সতর্ক দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশ
৪	ওয়ার্ড পষায় গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির নিয়মিত সভা আহ্বান এবং কমিটির তৎপরতা অব্যাহত রাখার লক্ষে কমিটির কার্যক্রম নিয়মিত অনুষ্ঠিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কোথাও কোন নাশকতা বা অপ্রিতিকর ঘটনা যেন না ঘটে সে দিকে সকলকে দৃষ্টি রাখার আহ্বান জানানো হয়।	সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশ

২৯/১০/২৩  
মোঃ আব্দুর রউফ  
চেয়ারম্যান  
খানকোড়া ইউনিয়ন পরিষদ  
সাটুরিয়া, মানিকগঞ্জ।



৫	সন্ত্রাস ও নাশকতা কারীদের যথাযথ কর্তৃপক্ষ বা আইন প্রয়োগকারী সংস্থার কাছে সোপর্দ /ধরিয়ে দেয়ার জন্য স্থানীয় জনগণকে সাথে নিয়ে প্রতিরোধ গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইউপি সদস্য ও সকল গ্রাম পুলিশ ও এলাকিবাসী
---	--	--

পরিশেষে সভাপতি সকলকে ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা করার জন্য ধন্যবাদ জানান। সমাজে যে যে অবস্থানে আছেন সে অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। ইউপি সদস্যগণ যদি সক্রিয় থাকেন তা হলে বিষয়টি আরো সুন্দর হবে। মাদক দ্রব্যের প্রচার জঙ্গীবাদ নিমূল, জুয়া খেলা, সিডি বন্ধ করার জন্য ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে দোষীদের যথাযথ কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হল।



মোঃ আব্দুর রউফ  
কমিটি সভাপতি ও  
চেয়ারম্যান  
ধানকোড়া ইউনিয়ন পরিষদ  
সাটুরিয়া, মানিকগঞ্জ।

মোঃ আব্দুর রউফ  
চেয়ারম্যান  
ধানকোড়া ইউনিয়ন পরিষদ  
সাটুরিয়া, মানিকগঞ্জ।